

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মন্ত্রিপরিষদ বিভাগ  
মাঠ প্রশাসন সংযোগ অধিশাখা  
www.cabinet.gov.bd

স্মারক নম্বর: ০৪.০০.০০০০.৫১২.১৬.০০২.১৮.২৫

তারিখ: ১৪ মাঘ ১৪৩০

২৮ জানুয়ারি ২০২৪

বিষয়: ডিসেম্বর ২০২৩-এর দ্বিতীয় পক্ষের পাক্ষিক গোপনীয় প্রতিবেদনের ভিত্তিতে গৃহীত প্রস্তাব বাস্তবায়ন।

বিভাগীয় কমিশনারগণের নিকট থেকে প্রাপ্ত ডিসেম্বর ২০২৩-এর দ্বিতীয় পক্ষের পাক্ষিক গোপনীয় প্রতিবেদনে মন্ত্রিপরিষদ বিভাগের নিম্নোক্ত প্রস্তাবটি মাননীয় প্রধানমন্ত্রীর সমীপে উপস্থাপন করা হয়:

মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের ২২.১০.২০২৩ তারিখের ৫৪২ নম্বর স্মারকে সরকারি মাধ্যমিক বিদ্যালয়ে শিক্ষার্থী ভর্তি নীতিমালা জারি করা হয়েছে। উক্ত ভর্তি নীতিমালা ও সরকারের বিভিন্ন সময়ে জারিকৃত প্রজ্ঞাপন অনুযায়ী ২০২৪ শিক্ষাবর্ষে সরকারি মাধ্যমিক বিদ্যালয়সমূহে বিভিন্ন শ্রেণিতে ডিজিটাল লটারি সিস্টেমের মাধ্যমে শিক্ষার্থী নির্বাচন করে ভর্তি করা হয়। এ পদ্ধতিতে শিক্ষার্থী নির্বাচন দ্রুত সম্পন্ন হয় যা অভিভাবকদের নিকট সম্ভ্রামজনক। কিন্তু ডিজিটাল ভর্তি প্রক্রিয়ায় ব্যবহৃত সফটওয়্যারের কিছু সীমাবদ্ধতার কারণে শিক্ষার্থী বাছাইয়ে পুরোপুরি স্বচ্ছতা বজায় রাখা সম্ভব হচ্ছে না। জন্মনিবন্ধন ডাটাবেজ ও জাতীয় পরিচয়পত্র ডাটাবেজের সাথে শিক্ষার্থী বাছাইয়ে ব্যবহৃত সফটওয়্যারের সংযোগ না থাকায় ভুল জন্মনিবন্ধন ও জাতীয় পরিচয়পত্র নম্বর ব্যবহার করে আবেদন এবং একই নম্বর ব্যবহার করে একাধিক আবেদন করার ঘটনা ঘটে। এরূপ ক্ষেত্রে সফটওয়্যার অসদুপায় সনাক্ত করতে পারে না। ফলশ্রুতিতে একজন শিক্ষার্থীর অসং পন্থায় একাধিকবার নির্বাচিত হওয়ার ঘটনাও ঘটে। অপরপক্ষে ভর্তি প্রত্যাশী অনেক শিক্ষার্থীদের মধ্যে হতাশা সৃষ্টি হয়। সফটওয়্যারকে জন্মনিবন্ধন ডাটাবেজ ও জাতীয় পরিচয়পত্র ডাটাবেজে সরাসরি সংযুক্ত করা হলে অসদুপায় অবলম্বনের পথ বন্ধ হবে এবং অভিনব ও সময়োপযোগী ডিজিটাল শিক্ষার্থী নির্বাচন প্রক্রিয়া স্বচ্ছ ও পূর্ণরূপে ফলপ্রসূ হবে। এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ-কে সদয় নির্দেশনা প্রদান করা যেতে পারে।

০২। উক্ত প্রস্তাবটি মাননীয় প্রধানমন্ত্রী সদয় অনুমোদন করেছেন।

০৩। এমতাবস্থায়, উল্লিখিত প্রস্তাবের বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণপূর্বক বাস্তবায়ন অগ্রগতি মন্ত্রিপরিষদ বিভাগকে অবহিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।



২৮-১-২০২৪

মোহাম্মদ সাইফুল ইসলাম ভূইয়া

যুগ্মসচিব

ফোন: ০২২২৩৩৫৫৪৪৭

ফ্যাক্স: ৯৫৭৩৫৩৩

ইমেইল: dfal\_sec@cabinet.gov.bd

সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ

স্মারক নম্বর: ০৪.০০.০০০০.৫১২.১৬.০০২.১৮.২৫/১(৯)

তারিখ: ১৪ মাঘ ১৪৩০  
২৮ জানুয়ারি ২০২৪

অনুলিপি:

- ১) বিভাগীয় কমিশনার (সকল)
- ২) জেলা প্রশাসক, ঠাকুরগাঁও



২৮-১-২০২৪

মোহাম্মদ সাইফুল ইসলাম ভূইয়া  
যুগ্মসচিব